# কিভাবে ভোট দিতে হবে

বাংলা

# সূচীপত্র

কিভাবে ভোট দিতে হবে / বাংলা

# কিভাবে ভোট দিতে হবে

## যোগ্যতাসমূহ

আপনি টরেন্টো পৌর নির্বাচনে ভোট দিতে পারেন যদি আপনি:

- একজন কানাডার নাগরিক হন; এবং
- কমপক্ষে 18 বছর বয়সী হন; এবং
- টরেন্টো শহরের বাসিন্দা হন; অথবা
- টরেন্টোর একজন অনাবাসী হন, কিন্তু আপনার বা আপনার স্ত্রী/স্বামীর এই শহরে নিজস্ব বা ভাড়া বাড়ি থাকে; এবং
- কোনও আইন অনুযায়ী ভোট দেওয়া থেকে নিষিদ্ধ না করা হয়


আপনি টরেন্টো শহরের পৌর নির্বাচনে শুধুমাত্র একবার ভোট দিতে পারেন সে শহরের মধ্যে আপনার নিজের মালিকানায় বা ভাড়ায় কতটা সম্পত্তি আছে তা বিবেচ্য নয়। আপনি যেখানে বসবাস করেন সেখানকার ওয়ার্ডেই আপনাকে ভোট দিতে হবে।

## ভোট দেওয়া

নির্বাচন কর্মী যা করবেনঃ

- আপনাকে অভিবাদন জানাবেন এবং আপনাকে যেখানে যেতে হবে সেখানে যেতে বলবেন।
- আপনার নাম এবং টরেন্টোতে আপনার ঠিকানা প্রদর্শনকারী পরিচয়পত্রটি দেখাতে বলবেন।
- ভোটার তালিকা অনুযায়ী আপনার পরিচয়পত্রটি পরীক্ষা করবেন, তারপর তালিকা থেকে আপনার নামটি কেটে দেবেন।
- আপনার ব্যালটটিকে একটি গোপনীয় ফোল্ডারে রাখবেন এবং দেখাবেন যে কিভাবে আপনি ব্যালটটি চিহ্নিত করবেন।
- ভোটদানের পর্দার দিকে যেতে আপনাকে নির্দেশ করবেন

আপনি যা করবেন:




- আপনার পছন্দের প্রার্থীর ডানদিকে ডিম্বাকৃতি অংশটি ভরাট করে আপনার ব্যালটটি চিহ্নিত করুন।
- ব্যালটে প্রতিটি অফিসের জন্য একবার ভোট দেবেন
    - আপনি যদি কোনও ভুল করেন, অথবা আপনি কাকে ভোট দিতে চান সে বিষয়ে আপনার মত পরিবর্তন করেন, নির্বাচনী কর্মীর কাছে ব্যালটটি নিয়ে যান, তিনি আপনার ব্যালটটি বাতিল করে আপনাকে অন্য একটি ব্যালট দেবেন।
- গোপনীয় ফোল্ডারে আপনার চিহ্নিত ব্যালটটি রাখুন এবং নির্বাচন কর্মীর কাছে এটি নিয়ে যান, যিনি আপনার ব্যালটটিকে ট্যাবুলেটরে প্রবেশ করিয়ে দেবেন
    - যদি আপনার ব্যালটে কোন সমস্যা থাকে, তবে ট্যাবুলেটরটি সেটি ফিরিয়ে দেবে। নির্বাচনী কর্মী আপনাকে বিকল্প দেবেন যাতে আপনি একটি নতুন ব্যালট পেতে পারেন বা ট্যাবুলেটরটি যাতে আগের ব্যালটটিকে চিহ্নিত হিসাবে গ্রহণ করে।

- সঠিকভাবে ব্যালটটিকে চিহ্নিত করার বিষয়ে যদি আপনার কোনও প্রশ্ন থাকে, তবে যে কোনও নির্বাচন কর্মী আনন্দের সাথে আপনার কাছে সেটি ব্যাখ্যা করবেন।

- ট্যাবুলেটর আপনার ব্যালটটি গ্রহণ করলেই আপনার ভোট দেওয়া সফলভাবে সম্পন্ন হবে

# ঘোষণাসমূহ

## নং 1 - যোগ্যতার ঘোষণা

যদি কেউ আপনার ভোট দেওয়ার অধিকার নিয়ে প্রশ্ন করে, তাহলে আপনাকে যোগ্যতা ঘোষণার শপথ নিতে হবে – আপনার যোগ্যতা অর্জন নিশ্চিত করার জন্য। (দেখুন: যোগ্যতাসমূহ)

আমি, (আপনার নাম লিখুন) ঘোষণা করছি যে আমি একজন যোগ্যতাসম্পন্ন ভোটার এবং ইতিমধ্যেই আমি এই নির্বাচনে ভোট দিইনি।

## নং 2 - দোভাষীর ঘোষণা

যদি আপনার একজন দোভাষীর সহায়তার প্রয়োজন হয়, প্রার্থী বা একজন পরীক্ষাকারী নন এমন যে কোনও ব্যক্তিকে, আপনি আপনার দোভাষী হিসাবে কাজ করার জন্য বলতে পারেন।

সহায়তা প্রদানের আগে দোভাষীকে অবশ্যই একটি শপথ নিতে হবে। তারা আপনার সাথে ভোটের পর্দার পিছনে যেতে পারবেন না।

আমি, (আপনার নাম লিখুন) ঘোষণা করছি যে, আমি বিশ্বস্তভাবে কোন ঘোষণাপত্র, নথিপত্র বা নির্বাচনকারীর প্রশ্নটি উত্থাপন এবং তার উত্তরটি অনুবাদ করব।

## নং 3 - একজন ভোটারের বন্ধুর ঘোষণা

আপনি যদি ব্যালটটি চিহ্নিত করতে না পারেন, তাহলে আপনি সাহায্য করার জন্য একজন বন্ধুকে অনুরোধ করতে পারেন। বন্ধুকে অবশ্যই একটি ঘোষণা করতে হবে। বন্ধুর ভূমিকায় যিনি থাকবেন তিনি আপনার সাথে ভোটের পর্দার পিছনে যেতে পারেন।

আমি, (আপনার নাম লিখুন) ঘোষণা করছি:

- ভোটারের নির্দেশ অনুযায়ী ব্যালটটি চিহ্নিত করব
- ভোটারকে তার পছন্দের নির্বাচনে প্রভাবিত করার চেষ্টা করব না
- ভোটার কোথায় ভোট দিয়েছেন সেটি গোপন রাখব

# শনাক্তকরণের উদাহরণসমূহ

**পরিচয়পত্রটি আপনার নাম এবং যোগ্যতাসম্পন্ন টরেন্টোর ঠিকানা দেখাবে। ভোটার তথ্য কার্ড পরিচয়পত্র হিসাবে ব্যবহার করা যাবে না।**

- অন্টারিও ড্রাইভার লাইসেন্স
- অন্টারিও হেলথ কার্ড (ঠিকানা সহ ফটো কার্ড)
- অন্টারিও ফটো কার্ড
- অন্টারিও মোটর গাড়ির পারমিট (গাড়ির অংশ)
- ব্যক্তিগত বাতিল চেক
- অন্টারিওতে সম্পত্তি সংক্রান্ত বন্ধকী বিবৃতি, ইজারা বা ভাড়া সংক্রান্ত চুক্তি
- বীমা নীতি বা বীমা বিবৃতি
- একটি আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে ঋণ চুক্তি বা অন্যান্য আর্থিক চুক্তি
- অন্টারিওতে একটি আদালত দ্বারা প্রত্যয়িত অথবা জারী করা নথিপত্র
- কানাডা সরকার, অন্টারিও বা অন্টারিও-এর একটি পৌরসভা অথবা কোনও সংস্থার কাছ থেকে বা সরকারী অন্য কোনও দলিল,
- অন্টারিওতে ব্যান্ড কাউন্সিলের যে কোনও নথিপত্র যা ভারতীয় আইনের অধীনে প্রতিষ্ঠিত (কানাডা)
- আয়কর মূল্যায়ন বিজ্ঞপ্তি
- চাইল্ড ট্যাক্স বেনিফিট বিবৃতি
- T4E প্রদত্ত কর্মসংস্থান বীমা সুবিধার বিবৃতি
- বয়স্কদের নিরাপত্তা T4A বিবৃতি (OAS)
- কানাডা পেনশন পরিকল্পনা বেনিফিট T4A বিবৃতি (পি)
- কানাডা পেনশন পরিকল্পনা অবদানের বিবৃতি
- সরাসরি আমানতের বিবৃতি অন্টারিও-তে কাজের জন্য
- অন্টারিও অক্ষমতা সহায়তা কার্যক্রমের জন্য সরাসরি আমানতের বিবৃতি
- কর্মস্থানের নিরাপত্তা এবং বীমা বোর্ড উপকারিতা T5007 এর বিবৃতি
- সম্পত্তি কর মূল্যায়ন
- ক্রেডিট কার্ড বিবৃতি, ব্যাংক অ্যাকাউন্ট বিবৃতি, বা আরআরএসপি, আরআরআইএফ, আরএইচওএসপি বা T5 বিবৃতি
- নিবন্ধিত দাতব্য সংস্থা থেকে কোন কার্ড বা সিএনআইবি কার্ড যা প্রতিবন্ধী ব্যক্তিদের সেবা প্রদান করে
- হাসপাতাল কার্ড বা রেকর্ড
- নথিপত্র যা পোস্ট-সেকেন্ডারি ইনস্টিটিউশনে ছাত্র নিবাসের জন্য, অফিস বা কর্মীদের দ্বারা জারি করা ক্যাম্পাসের বাসভবনের প্রমাণ প্রদর্শন করে
- দীর্ঘমেয়াদী কেয়ার হোমস অ্যাক্ট, 2007 এর অধীনে একটি দীর্ঘমেয়াদী কেয়ার হোমে বাসগৃহের অ্যাডমিনিস্ট্রেটর কর্তৃক প্রদত্ত দীর্ঘমেয়াদী কেয়ার হোমস -এর নথিপত্র
- জল, গ্যাস, টেলিফোন বা কেবল টেলিভিশনের জন্য ইউটিলিটি বিল বা পাবলিক ইউটিলিটি কমিশন থেকে বিল
- চেক স্টাব, T4 বিবৃতি বা একটি নিয়োগকর্তা দ্বারা জারী মাইনের প্রাপ্তি
- একটি পোস্ট-সেকেন্ডারি স্কুল থেকে প্রতিলিপি বা রিপোর্ট কার্ড